



# মেঘনা লাইফ ইন্স্যুরেন্স পিএলসি

## MEGHNA LIFE INSURANCE PLC

সূত্রঃ মেঘনা লাইফ/প্রঃকাঃ/পিএইচএস/২০২৬- ৪৭২

তারিখঃ ০১/০৫/২০২৬ইং

প্রতিঃ সকল এফএ - এককবীমা, লোকবীমা, ইসলামীবীমা এবং স্মার্ট ডিভিশন, মেঘনা লাইফ ইনস্যুরেন্স পিএলসি।

### সার্কুলার

বিষয়ঃ নবায়ন প্রিমিয়াম সংগ্রহের উপর বিশেষ ইনসেনটিভ প্রদান।

কোম্পানীর এককবীমা, লোকবীমা, ইসলামীবীমা ও স্মার্ট ডিভিশনের ইস্যুকৃত পলিসির তামাদি ও পেইড-আপ হার হ্রাস এবং নবায়ন প্রিমিয়াম বৃদ্ধির লক্ষ্যে নিম্নরূপ সার্কুলার ইস্যু করা হলোঃ

সময়কালঃ ০১-০৫-২০২৬ইং হতে ৩০-০৬-২০২৬ইং পর্যন্ত।

২০২০ সাল হতে ২০২৫ সাল পর্যন্ত দেয় তারিখের যে সকল পলিসির প্রিমিয়াম জমা না করায় পলিসি তামাদি/পেইড-আপ অবস্থায় আছে, সে সকল পলিসির সমুদয় বকেয়া প্রিমিয়াম বর্ণিত সময়ের মধ্যে সংগ্রহপূর্বক চালু করতে হবে।

এফএ-এর আর্থিক সুবিধাঃ

পেইড-আপ পলিসির ক্ষেত্রেঃ পলিসি সংগ্রহকারী বীমাকর্মী কর্মরত না থাকলে কিংবা নিষ্ক্রিয় থাকলে, যে সকল বীমাকর্মী পেইড-আপ পলিসির প্রিমিয়াম সংগ্রহ করে পলিসি চালু রাখবে, সেই সকল বীমাকর্মী কে সংগৃহীত পলিসির প্রিমিয়ামের উপর ৫% নগদ অর্থ প্রদান করা হবে একে ভবিষ্যতে পলিসি চালু থাকা সাপেক্ষে মূল বীমাকর্মী সক্রিয় না হওয়া পর্যন্ত ৫% নগদ অর্থ প্রদান অব্যাহত থাকবে।

তামাদি (Lapsed) পলিসির ক্ষেত্রেঃ পলিসি সংগ্রহকারী বীমাকর্মী কর্মরত না থাকলে কিংবা নিষ্ক্রিয় থাকলে, যে সকল বীমাকর্মী তামাদি পলিসির প্রিমিয়াম সংগ্রহ করে পলিসি চালু করবে, সেই সকল বীমাকর্মী-কে সংগৃহীত পলিসির প্রিমিয়ামের উপর প্রদেয় সুবিধা ছাড়াও সংশ্লিষ্ট পলিসি সংগ্রহকারী বীমাকর্মীর সাংগঠনিক সেটআপে সংগৃহীত পলিসি স্থানান্তর করা হবে।

পরিশোধিত (Paidup) পলিসি চালুর শর্তঃ

পলিসি পেইড-আপ থাকার সময় ছয় বছরের মধ্যে পলিসি পুনর্বহাল করা যাবে। সেক্ষেত্রে বর্ণিত সময়ের মধ্যে সমুদয় বকেয়া প্রিমিয়াম পরিশোধ করে পলিসি চালু করা হলে প্রযোজ্য বিলম্ব মাশুল এর উপর ১০০% রেয়াত প্রদান করা হবে।  
পলিসির মেয়াদপূর্তি তারিখের পূর্ববর্তী এক বছরের মধ্যে বকেয়া প্রিমিয়াম পরিশোধ করা হলে প্রযোজ্য বিলম্ব মাশুলের উপর কোন রেয়াত প্রদান করা যাবে না এবং সে ক্ষেত্রে নিম্নবর্ণিত হারে বিলম্ব মাশুল গ্রহণ করতে হবে।  
প্রিমিয়াম প্রদেয় তারিখ থেকে ৬ মাসের মধ্যে জমা হলে নির্ধারিত বিলম্ব মাশুলের ১৫০%।  
প্রিমিয়াম প্রদেয় তারিখ থেকে ৬ মাসের বেশী কিন্তু ৯ মাসে মধ্যে জমা হলে নির্ধারিত বিলম্ব মাশুলের ২০০%।  
প্রিমিয়াম প্রদেয় তারিখ থেকে ৯ মাসের বেশী কিন্তু ১২ মাসে মধ্যে জমা হলে নির্ধারিত বিলম্ব মাশুলের ২৫০%।

তামাদি (Lapsed) পলিসি চালুর শর্তঃ

পলিসি তামাদি থাকার সময় ছয় বছরের মধ্যে হলে পলিসি পুনর্বহাল করা যাবে। সেক্ষেত্রে বর্ণিত সময়ের মধ্যে সমুদয় বকেয়া প্রিমিয়াম পরিশোধ করে পলিসি চালু করা হলে প্রযোজ্য বিলম্ব মাশুল এর উপর ১০০% রেয়াত প্রদান করা হবে।  
পলিসি তামাদি- এর তারিখ হতে পাঁচ বছরের মধ্যে কমপক্ষে একটি কিস্তি প্রদান সাপেক্ষে পলিসির অনুকূলে বিশেষ পুনর্বহাল করা যাবে, এক্ষেত্রে কোন বিলম্ব মাশুল প্রযোজ্য মবে না।

উল্লেখ্য পরিকল্প নং ০৬/৫৬ (পেনশন বীমা) এবং পরিকল্প নং ০৯/৫৯ (প্রিমিয়াম ফেরত বীমা) এর ক্ষেত্রে কোন ধরণের বিলম্ব মাশুল প্রযোজ্য হবে না।  
২০১৯ সালের পূর্বের দেয় তারিখের কোন পলিসি পুনর্বহাল এর ক্ষেত্রে প্রধান কার্যালয়ের অবলিখন সিদ্ধান্ত প্রয়োজন হবে।

সংশ্লিষ্ট সকলের সহযোগিতা ও সাফল্য প্রত্যাশা করছি।

(মোহাম্মদ তারেক, এফসিএ)

মূখ্য নির্বাহী কর্মকর্তা-ভারপ্রাপ্ত

অনুলিপিঃ

অনুলিপিঃ ০১। চেয়ারম্যান ০২। ভাইস চেয়ারম্যান ০৩। পরিচালক ০৪। কনসালটেন্ট (বিজনেজ ডেভঃ) ০৫। ডিএমডি (মার্কেটিং)- প্রঃকাঃ, ০৬। ইডিপি (পিএইচএস) প্রঃকাঃ, ০৭। এসডিপি (উঃপ্রশাঃ) প্রঃকাঃ, ০৮। এসডিপি (আইটি) প্রঃকাঃ, ০৯। হিসাব বিভাগ সকল ডিভিশন প্রঃকাঃ, ১০। ডিডিপি (ইসলামীবীমা) প্রঃকাঃ, ১১। ডিডিপি (লোকবীমা) প্রঃকাঃ, ১২। ডিডিপি (অডিট) প্রঃকাঃ, ১৩। সকল সিএসসি ইনচার্জ, ১৪। ফাইল।